



# অগ্রণী ব্যাংক লিমিটেড

## Agrani Bank Limited

প্রধান কার্যালয়, ঢাকা



ব্রাঞ্চ অ্যান্ড সাবসিডিয়ারিজ/ইউনিট কন্ট্রোল ডিভিশন  
জীবন বীমা ভবন (৪র্থ তলা) ১০, দিলকুশা বা/এ, ঢাকা

বিএসইউসিডি/শাখা-১/৬৫০/২০২০

তারিখ : ১৩-১২-২০২০

মহাব্যবস্থাপক/

উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/

ব্যবস্থাপক

অগ্রণী ব্যাংক লিমিটেড

সকল কর্পোরেট শাখা ও শাখা

বাংলাদেশ।

বিষয় : বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচীর সুফলভোগী সদস্যদের ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র : সাসটেইনেবল ফাইন্যান্স ডিভিশন, প্রধান কার্যালয়ের স্মারক নং:এসএফডি/প্রশাঃ/১৮১/২০২০, তারিখ: ৩০/১১/২০২০

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর স্মারকের মাধ্যমে পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচীর আওতায় দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত নারীদের ক্ষুদ্র ঋণের অর্থ সঠিকভাবে প্রদানের লক্ষ্যে ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান ও সহযোগিতার জন্য শাখা পর্যায়ে নির্দেশনা জারীর অনুরোধ জানানো হয়েছে।

২। প্রস্তাবটি যথাযথ কর্তৃপক্ষ সম্মীপে উপস্থাপন করা হলে নিম্নোক্ত শর্তাবলী/নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচীর সুফলভোগী সদস্যদের ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলার অনুমোদন প্রদান করেন।

- সাকুলার অনুসারে ব্যক্তিক সঞ্চয়ী হিসাব খোলার যাবতীয় নিয়মাবলী পরিপালন করা ;
- সংগৃহীতব্য কাগজপত্রাদি যথানিয়মে গ্রহণ ও সংরক্ষণ করা ;
- হিসাব পরিচালনায় নিবিড় পর্যবেক্ষণে রাখা ;
- জাতীয় রাজস্ব বোর্ডের বিধান মোতাবেক আয়কর/ভ্যাট ইত্যাদি যথারীতি হিসাব থেকে কর্তন করা ;
- হিসাব পরিচালনাকারীদের NID কার্ড গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচন কমিশন এর ওয়েবসাইট থেকে Verify করে নিশ্চিত হতে হবে।
- সংগৃহীতব্য কাগজপত্রাদি যথানিয়মে গ্রহণ ও সংরক্ষণ করা না হলে তার দায়দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর বর্তাবে।

এমতাবস্থায়, উল্লিখিত শর্তাবলী/নিয়মাবলী অনুসরণ করে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচীর সুফলভোগী সদস্যদের ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত  
  
( হোসাইন হুমান আকবর )

মহাব্যবস্থাপক

HP



অগ্রণী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা



Agrani Bank Limited

ব্রাঞ্চ অ্যান্ড সাবসিডিয়ারিজ/ইউনিট কন্ট্রোল ডিভিশন  
জীবন বীমা ভবন (৪র্থ তলা) ১০, দিলকুশা বা/এ, ঢাকা

পাতা ২

বিষয় : বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচীর সুফলভোগী সদস্যদের ১০০/- টাকার ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র : সাসটেইনেবল ফাইন্যান্স ডিভিশন, প্রধান কার্যালয়ের স্মারক নং:এসএফডি/প্রশাঃ/১৮১/২০২০, তারিখ: ৩০/১১/২০২০

বিতরণ :-

- ১। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক (বিএসইউসিডি) মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল অঞ্চল প্রধান, অগ্রণী ব্যাংক লিমিটেড।
- ৫। অফিস কপি।